দিনাজপুর

**www.zpdinajpur.gov.bd**

গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি নং ০৪/২০২৩-২৪।

স্মারক নং জেপদি/এক -৭৭/২০২৩-২৪/ ২২৯ তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত গাছ বিক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।

"দরপত্রের সময়সূচী"

| দরপত্র ডাকের দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম দফা | ৩১ /০৩/২০২৪ খ্রি: বেলা ৩.৩০ ঘটিকা | ০১/০৪/২০২৪ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা: | ০১/০৪/২০২৪ খ্রি: বেলা ৩.৩০ মি: জেলা পরিষদ, দিনাজপুর। | জেলা পরিষদ, দিনাজপুর/ জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, ........................., দিনাজপুর। |
| ২য় দফা | ১৭/০৪/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা | ১৮/০৪/২০২৪ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ১৮/০৪/২০২৪ খ্রি: বৈকাল ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |
| ৩য় দফা | ২৪/০৪/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা | ২৫/০৪/২০২৪ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ২৫/০৪/২০২৪ খ্রি: বৈকাল ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |

| লট নং | গাছের বিবরণ | সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ১ | দিনাজপুর জেলা পরিষেদের মালিকানাধীন দিনাজপুর -পার্বতীপুর সড়কের দিনাজপুর অংশের বিভিন্ন প্রজাতী রেইন্ট ৬টি, মেহগনি ২টি, আম ৫টি, লম্ব ১৩টি, সেগুন ১টি, ইপিল ইপিল ২টি, শিমুল ১টি, কঁঠাল ৬টি, জ্বালানী ৪টি গাছসহ মোট ৪০টি গাছ (গাছের ক্রমিক ১-৪০)। | ৮,৫৪,৪৮০/- | ৫০০/- |
| ২ | দিনাজপুর জেলা পরিষেদের মালিকানাধীন দিনাজপুর -পার্বতীপুর সড়কের দিনাজপুর অংশের বিভিন্ন প্রজাতী কাঁঠাল ৭৫টি, বড়ই ১টি, শিশু ২টি, আম ৪৫টি, শিমুল ২টি, পিটালী ৫টি, অর্জন ৮টি, ইউক্যালিপ্টাস ৩১টি, মেহগনি ৬টি, জাম ২টি, ঘোড়ানিম ১টি, জ্বালানী ৭টি গাছসহ মোট ১৮৫টি গাছ (গাছের ক্রমিক ৪১-২২৫)। | ৩,১৮,১১১/- | ৫০০/- |
| ৩। | দিনাজপুর জেলা পরিষেদের মালিকানাধীন দিনাজপুর -পার্বতীপুর সড়কে পার্বতীপুর অংশের বিভিন্ন প্রজাতী আম ২৩টি, কড়াই ১০টি, রেন্ট্রি ১টি, লম্ব ১টি, কদম ১টি, মেহগনি ৪টি, জাম ২টি, ইপিল ইপিল ১টি, পিটালী ১টি, জ্বালানী ৬টি গাছসহ মোট ৫০টি গাছ (গাছের ক্রমিক ২২৬-২৭৫)। | ২,৪৫,০৮৩/- | ৫০০/- |
| ৪। | জেলা পরিষদের মালিখানাধীন (ক) দিনাজপুর জেলার সদর উপজেলায় দিনাজপুর হতে খানপুর রাস্তায় নয়াহাট বাজার নামক স্থানে আস্কারপুর গ্রামিন ব্যাংকের দক্ষিণে ওয়াল হতে আনুমানিক ৪০ ফুট দক্ষিণ দিকে মনসুর আলীর পানের দোকানের সামনে রাস্তার পশ্চিম পার্শ্বে হেলে পড়া মাঝারি আকারের ২টি আম গাছ, (খ) কসবা সুন্দরা রাস্তায় খোয়ারের মোড় হতে আনুমানিক ১০০০ ফুট উত্তরে মোঃ নজরুলের ব্রাণ মিল হতে ১০০ ফুট দুরে হবিবর এর জমির সামনে মোকারমের গোডাউনের উপরে উপড়ে পড়া মাঝারি আকারের ১টি কৃষ্ণচুড়া গাছ, (গ) সদর উপজেলায় প্রাননাথপুর রেলগেট হতে পুলহাট যাওয়ার রাস্তায় জেলা দায়রা জজ আদালতের পশ্চিম ওয়াল ১ নং গেট সংলগ্ন অর্ধমৃত বড় ১টি আম গাছ ও জেলা দায়রা জজ আদালতের পশ্চিম ওয়াল এর মাঝখানে জীবিত ১টি বট গাছ, (ঘ) জেলা পরিষদ অফিস চত্বরে কর্তনকৃত মেহগনি, শিশু, ছাইতন, নারিকেল গাছ, (ঙ) জেলা পরিষদ অফিস চত্বরে কর্তনকৃত শিশু ও নারিকেল গাছ | ৫০,৬৮৬/- | ৩০০/- |
| ৫। | জেলা পরিষদের মালিকানাধীর রাস্তায় বীরগঞ্জ-গোপালগঞ্জ রোডের ডাঙ্গারহাট বাজার হতে আনুমানিক ৪০০ মিটার উত্তরে মোঃ রমজান আলির পুকুরের উপর হেলে পড়া ১টি রেইনট্রি গাছ, বীরগঞ্জ ডাকবাংলোয় কর্তনকৃত আম, শিমুল, পাকুড় ও কৃষ্ণচূড়া গাছের মুড়া, কাহারোল ডাকবাংলো চত্বরে কতৃনকৃত কাঁঠাল গাছের ১ টুকরা ও বোচাগঞ্জ ডাকাবংলোয় কর্তনকৃত শিমুল ও শিশু গাছের টুকরা। | ১৫,২৮৬/- | ৩০০/- |

শর্তাবলী:

১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সিডিউল ক্রয়ের মানি রশিদ কপি, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি, হাল নাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, দিনাজপুর জেলা পরিষদ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জামানত/বায়নার টাকার মুল বিডি/পিও, দরপত্রের নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখসহগ সত্যায়িত নমুনা স্বাক্ষর দিতে হবে।

২। গাছের প্রদত্ত দরের ২৫% বিডি **(ফেরতযোগ্য)** "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর" এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩। সিডিউল ক্রয়ের সময় দিনাজপুর জেলা পরিষদের লাইসেন্সের মূল বহি সঙ্গে আনতে হবে।

৪। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুন: ব্যবহারযোগ্য হবে না। ১ম দফার দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।

৫। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ৭.৫% ভ্যাট চালানের মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।

৭। দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে সবুজ চিহ্নিত গাছ অবশ্যই দেখে নিবেন। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যহার করা যাবেনা। দাখিলকৃত দরপত্র প্রতাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ কম, মরা, পঁচা, বা অন্য কোর ওজর আপত্তি উপথাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহনযোগ্য হবে না।।

৮। গাছ অপসারণের সময় গর্ত বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটাবেন/সমস্যা সমাধান করবেন।

৯। দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।

১০। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।

১১। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।

১২। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ(টিপি) গ্রহণ করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা:

( মোঃ মোখলেছুর রহমান )
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।
ফোন: ০২৫৮৯৯২৩৩৮২
ই-মেইল: zpdinajpur@lgd.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। চেয়ারম্যান, জেলা পরিষদ, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাক্স স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ......................................,দিনাজপুর।
৭। উপজেলা নির্বাহী অফিসার..........................দিনাজপুর। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাক্সে স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ/ এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, দিনাজপুর।
৯। মেয়র,.......................................পৌরসভা, দিনাজপুর।
১০। সদস্য/ সংরক্ষিত আসনের সদস্য...................................................., ওয়ার্ড. জেলা পরিষদ, দিনাজপুর।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, দিনাজপুর।
১২। ইউপি চেয়ারম্যান,................................., দিনাজপুর।
১৩। নোটিশ নোর্ড/ ওয়েব সাইট।
১৪। অফিস কপি।

( মোঃ মোখলেছুর রহমান )
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।